21 DEC 2002
9 ৬

যুগান্তর

# ঢাকা কলেজের প্রাক্তন ছাত্রদের পুনর্মিলনী অনুষ্ঠান

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা কলেজের প্রাক্তন ছাত্রদের এক পুনর্মিলনী অনুষ্ঠিত হল গতকাল শুক্রবার ঢাকায়। দেশের খ্যাতিমানদের এক মহাসম্মেলন ঘটেছিল গতকাল ধানমন্ডির মহিলা ক্রীড়া কমপ্লেক্স প্রাঙ্গণে। বর্তমানে সমাজে বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত সাবেক এই ছাত্রদের আড্ডা ও স্মৃতিচারণে সারাদিন মুখরিত ছিল এই কমপ্লেক্স অঙ্গন।



*পুনর্মিলনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিদের একাংশ* —যুগান্তর

পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা কলেজ প্রাক্তন ছাত্র সমিতি। ১৯৯৫ সালে এই সংগঠন গঠিত হয়। গতকাল ছিল দ্বিতীয় সম্মেলন। সমিতির সভাপতি লে. জে. (অব.) মাহবুবুর রহমান এমপি অনুষ্ঠানের আয়োজক। সম্মেলনের আহ্বায়ক ছিলেন ইত্তেফাক ও নিউনেশন পত্রিকার সম্পাদকমণ্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন। পুনর্মিলনী উদ্বোধন করেন রেজেস্ট্রি করা সবচেয়ে পুরনো ছাত্র মোনায়েম উদ্দিন আহমেদ। তাকেই প্রধান অতিথি করা হয়। পুনর্মিলনীতে দলমত নির্বিশেষে বিভিন্ন পেশা-শ্রেণীর ১৮০০ প্রাক্তন ছাত্র অংশগ্রহণ করেন। এদের মধ্যে ছিলেন সাবেক রাষ্ট্রপতি একিউএম বদরুদ্দোজা চৌধুরী, আওয়ামী লীগ নেতা জিল্লুর রহমান, আবদুর রাজ্জাক, শিক্ষামন্ত্রী ওসমান ফারুক, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ, প্রতিমন্ত্রী মেজর (অব.) কামরুল ইসলাম, কবি শামসুর রাহমান, ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন, ব্র্যাক কর্ণধার ফজলে হাসান আবেদ, যায়যায়দিন সম্পাদক শফিক রেহমান, অবজারভার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী, গণস্বাস্থ্যের ডা. জাফর উল্লাহ, অর্থনীতিবিদ দেবপ্রিয় ভট্টাচার্য, অধ্যাপক মোজাফফর আহমেদ প্রমুখ। সারাক্ষণ এই প্রাক্তন ছাত্ররা স্মৃতিচারণ, আড্ডায় মেতে থাকেন। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়।